

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩৩

আগরতলা, ১৬ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

**আদর্শ নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগের দ্রুত
নিষ্পত্তির প্রক্রিয়া জারি রাখা হয়েছে : রিটার্নিং অফিসার**

আদর্শ নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগের দ্রুত নিষ্পত্তির প্রক্রিয়া জারি রাখা হয়েছে। আজ ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্রের রিটার্নিং অফিসার ডা. বিশাল কুমার এক প্রেস নোটে একথা জানান। প্রেস নোটে তিনি জানিয়েছেন, বুদ্ধমন্দির / ভিভিআইপি রোড এলাকায় সৌন্দর্যহানি করা হয়েছে বলে আজ ভারতীয় জনতা পার্টির প্রদেশ কমিটির কো-কনভেনের অশোক সিনহা যে অভিযোগ করেছিলেন ফ্লাইৎ স্কোয়াড টিম সেখানে গিয়ে দ্রুত তা সরিয়ে দিয়েছে। তাছাড়াও ত্রিপুরা প্রদেশ কংগ্রেস কমিটির পক্ষে কার্যকরি সদস্য বিধায়ক সুদীপ রায় বর্মণ বুদ্ধমন্দির এলাকায় কিছু অঞ্জাত দুষ্কৃতকারী দ্বারা জাতীয় কংগ্রেসের প্রচার সজ্জার নল্টের যে অভিযোগ করেন তার পরিপ্রেক্ষিতে পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপারকে সিসিটিভি ক্যামেরার মাধ্যমে দুষ্কৃতকারীদের সনাক্তকরণ ও উপযুক্ত আইনি ব্যবস্থা নেওয়ার জন্য বলা হয়েছে।

প্রেস নোটে রিটার্নিং অফিসার ডা. বিশাল কুমার আরও জানিয়েছেন, আজ প্ল্যানেট ইস্ট পত্রিকায় প্রকাশিত আগরতলা পুরনিগমের কর্মচারী রতন চন্দ্র দাসের রাজনৈতিক দলের কর্মসূচিতে অংশগ্রহণের অভিযোগ ৯-বনমালিপুর বিধানসভা ক্ষেত্রের সহকারি রিটার্নিং অফিসারের দ্বারা তদন্ত করানো হয়। তদন্ত রিপোর্টে অভিযোগের সত্যতা খুঁজে পাওয়া যায় ও সংশ্লিষ্ট চতুর্থ শ্রেণীর কর্মচারীকে সাময়িক বরখাস্ত করার জন্য আগরতলা পুরনিগমের কমিশনারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। রিটার্নিং অফিসার আরও জানান, প্রশাসন যে কোনও ধরনের নির্বাচনী আদর্শ আচরণবিধি লঙ্ঘনের অভিযোগের দ্রুত নিষ্পত্তির প্রক্রিয়া জারি রেখেছে। সব জায়গায় পুলিশ ব্যাপক আকারে পেট্রোলিং করছে। স্টেটিক সার্ভেলেন্স টিম এবং ফ্লাইৎ স্কোয়াডের মাধ্যমে নজরদারি করা হচ্ছে প্রতিনিয়ত। বেআইনি যে কোনও কাজকে নির্মূল করতে যথাযথ পদক্ষেপ নেওয়ার জন্য সব এআরও, সেক্টর অফিসার, পুলিশ সেক্টর অফিসার ও কেন্দ্রীয় বাহিনীর সদস্যদের নির্দেশ দেওয়া হয়েছে।
